

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবি ওয়েবসাইট ও তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির  
আধুনিকায়ন বিষয়ক সেমিনার**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ‘নোবিপ্রবি ওয়েবসাইট ও তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির আধুনিকায়ন’ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) ‘মডার্নাইজিং এনএসটিইউ ওয়েবসাইট এন্ড এনএসটিইউ ইনফর্মেশন ম্যানেজমেন্ট সিস্টেম: ফিডব্যাক এন্ড ইনসাইটস্’ শীর্ষক ওই সেমিনারের আয়োজন করে। আইকিউএসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ওই সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, যে কোনো বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দর্পণস্বরূপ, যার মাধ্যমে বিশ্ববিদ্যালয় সম্পর্কে প্রাথমিক ধারণা পাওয়া যায়। নোবিপ্রবি ওয়েবসাইট পরিবর্তন হউক, যা সকলের চাওয়া। তাই আমরা ওয়েবসাইটকে আন্তর্জাতিক আদলে টেলে সাজানোর উদ্যোগ নিয়েছি। আর এ কাজের অগ্রগতির জন্য আমরা টেকনিক্যাল কমিটি গঠন করেছি। যে কমিটি আজ বিশ্ববিদ্যালয়ের অন্যতম অংশীজন শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাদের নিয়ে সেমিনার আয়োজন করেছে। আমি প্রত্যাশা করি আপনারা মূল্যবান পরামর্শ দিয়ে আপনারদের ওয়েবসাইট নান্দনিক ও ফাংশনাল করে সাজিয়ে নেবেন। এসময় তিনি আরও বলেন, আমরা বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রমকে অটোমেশনের আওতায় নিয়ে আসার পরিকল্পনা করেছি, ভবিষ্যতে অটোমেটেড নোবিপ্রবির সকল কাজই হবে ওয়েবসাইট ও অনলাইনভিত্তিক।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ হানিফ। সেমিনারে কি-নোট স্পিকার হিসেবে ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই) বিভাগের সহকারী অধ্যাপক ইফতেখার মাহমুদ তাওহীদ এবং আলোচক হিসেবে ছিলেন ইনস্টিটিউট অব ইনফর্মেশন টেকনোলজি (আইআইটি) এর সহকারী অধ্যাপক মোঃ ইফতেখারুল আলম ইফাত। প্রোগ্রাম মডারেটর হিসেবে ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. আব্দুল কাইয়ুম মাসুদ।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪